

কওমি মাদ্রাসা আইনের সংশোধনীর সঙ্গে এরশাদের একাত্মতা

দেশের পীরভূনীয় আলেম-ওলামারা কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইন-২০১৩-এর খসড়াতে যেসব সংশোধনী দিয়েছেন তার সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদ। সংশোধনীগুলোকে বিবেচনায় নিয়ে কওমির স্বীকৃতি দিতে তিনি উদ্বিগ্নে এ আইন প্রসঙ্গের দাবি জানিয়েছেন। ওজুবার সাক্ষাৎ তিনি এ নিয়ে এক বিবৃতি দেন।

বিবৃতিতে এরশাদ বলেন, 'আড়াইশ বছরের ঐতিহ্যবাহী কওমি মাদ্রাসা এ দেশে আদর্শ নাগরিক তৈরির ক্ষেত্রে গৌরবময় অবদান রেখে চলেছে। এ শিক্ষা ধারার ছাত্ররা যুগ যুগ ধরে চরম অবহেলার শিকার। এটা জাতি হিসেবে আমাদের জন্য খুবই লজ্জাজনক। কওমি মাদ্রাসার আদর্শ ছাত্ররা যদি আমাদের সমাজ ও রাষ্ট্রের বিভিন্ন স্তরে দায়িত্ব পালনের সুযোগ পেত তাহলে দেশ আরও সমৃদ্ধ হতো।'

দ্রুত স্বীকৃতি দেওয়ার দাবি জানিয়ে এরশাদ বলেন, 'দেশের পীরভূনীয় ওলামায়ে কেরাম কর্তৃক সংশোধিত কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। দেশ-বিদেশের ওলামা-মাশায়েখরা সংশোধিত খসড়া আইনের প্রতি একাত্মতা ঘোষণা করেছেন। এ উদ্যোগের সঙ্গে আমিও একাত্মতা ঘোষণা করছি।'